গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্যসম্পদ সংরক্ষণ শাখা
মৎস্য ভবন, রমনা ঢাকা।
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২১.০৬.০০৪.১৮.১৮৩ তারিখ: ২৪/১১/২০২৫ খ্রি.

বিষয় : The Protection and Conservation of Fish Rules 1985 এ 'ইলেকট্রিক শক' দিয়ে অবৈধভাবে মৎস্য নিধন বন্ধকরণ বিষয়টি নতুন বিধি হিসেবে প্রণয়নের লক্ষ্যে মতামত প্রেরণ প্রসংগে।

সূত্র : (১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর স্মারক নম্বর-৩৩.০০.০০০০.১২৭.৯৯.০০৪.২৩-৯২ তারিখ : ২৮-০৪-২০২৫ খ্রি.
(২) মৎস্য অধিদপ্তরের লিগ্যাল শাখার ইউ নোট নং-৩৩.০২.০০০০.০০০.১০৭.৬৮.০০০১.২১.১৮১ তারিখ : ০৯-১১-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন গণমাধ্যমের মাধ্যমে প্রায়শ জানা যায় দেশের বিভিন্ন জলাশয়ে 'ইলেকট্রিক শক' দিয়ে অবৈধ উপায়ে মৎস্য নিধন কার্যক্রম সংঘটিত হয়। যার ফলে বাংলাদেশের মৎস্য খাতের প্রভূত ক্ষতি সাধিত হচ্ছে। সেপ্রেক্ষিতে 'ইলেকট্রিক শক' দিয়ে অবৈধভাবে মৎস্য নিধন প্রতিহত করার জন্য মোবাইলকোর্ট পরিচালনা, অপরাধীর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করাসহ জুরুরী প্রয়োজনীয় ব্যবস্থা চলমান রাখার নিমিত্ত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয় **(সংলাগ-১)**।

০২। বর্ণিত 'ইলেকট্রিক শক' দিয়ে মৎস্য নিধন বন্ধকরণ সম্পর্কে The Protection and Conservation of Fish Rules 1985 এ সুনির্দিষ্টভাবে উল্লেখ না থাকায় সংশ্লিষ্ট অপরাধীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে না। তাই The Protection and Conservation of Fish Rules 1985 এ 'ইলেকট্রিক শক' দিয়ে অবৈধ উপায়ে মৎস্য নিধন বন্ধকরণ বিষয়টি নতুন বিধি হিসেবে প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের সুচিন্তিত ও সুনির্দিষ্ট মতামত প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, The Protection and Conservation of Fish Rules 1985 এ 'ইলেকট্রিক শক' দিয়ে অবৈধ উপায়ে মৎস্য নিধন বন্ধকরণ বিষয়টি নতুন বিধি হিসেবে প্রণয়নের লক্ষ্যে সুনির্দিষ্ট মতামত আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে সফট কপি ইমেইলে (jalmahal dof@gmail.com) এবং হার্ডকপি ডাকযোগে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৪/১১/২০২৫
( বরুন চন্দ্র বিশ্বাস )
উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ)
ফোন: ০১৭১৫৫৭৬৮৯১
ইমেইল: borunbiswas19@gmail.com

পরিচালক
মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/
খুলনা বিভাগ, খুলনা/সিলেট বিভাগ,সিলেট/বরিশাল বিভাগ,বরিশাল/ রংপুর বিভাগ,রংপুর/
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২১.০৬.০০৪.১৮.১৮৩/১(১৪) তারিখ: ২৪/১১/২০২৫ খ্রি

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, ই-সার্ভিস এন্ড ইনোভেশন, মৎস্য অধিদপ্তর,মৎস্য ভবন, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)----------------------------------------------------------------------------------।
৪. সহকারী পরিচালক (স্টাফ অফিসার),মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সহকারী পরিচালক, লিগ্যাল এন্ড সার্ভিস ম্যাটার্স শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৬. অফিস কপি।

২৪/১১/২০২৫
(ইসফাত আরা মিশু)
সহকারী পরিচালক
ফোন: ০২-২২৩৩৮০৬৫৩
ই-মেইল: jalmahaldof@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্যসম্পদ সংরক্ষণ শাখা
মৎস্য ভবন, রমনা ঢাকা।
www.fisheries.gov.bd

স্মারক নম্বর- ৩৩.০২.০০০০.১২১.০৬.০০৪.১৮.১৩৫ তারিখ : ২৯/০৪/২০২৫ খ্রি.

বিষয় : **ইলেকট্রিক শকসহ অন্যান্য অবৈধ উপায়ে মৎস্য নিধন বন্ধে পদক্ষেপ গ্রহণ।**

সূত্র : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর স্মারক নম্বর-৩৩.০০.০০০০.১২৭.৯৯.০০৪.২৩-৯২, তারিখ : ২৮-০৪-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন গণমাধ্যমের মাধ্যমে প্রায়শ: জানা যায় দেশের বিভিন্ন জলাশয়ে ইলেকট্রিক শকসহ অন্যান্য অবৈধ উপায়ে (বিষ প্রয়োগ, পানি নিষ্কাশন, বিভিন্ন ফাঁদ ইত্যাদি) মৎস্য নিধন কার্যক্রম সংঘটিত হয়। যার ফলে বাংলাদেশের মৎস্য খাতের প্রভূত ক্ষতি সাধিত হয়।

০২। সেপ্রেক্ষিতে, অবৈধভাবে মৎস্য নিধন প্রতিহত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা,অপরাধীর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করাসহ জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা চলমান রাখার নিমিত্ত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে (**কপি সংযুক্ত**)।

০৩। এমতাবস্থায়, ইলেকট্রিক শকসহ অন্যান্য অবৈধ উপায়ে মৎস্য নিধন বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ আগামী ১৪-০৫-২০২৫ তারিখের মধ্যে ই-মেইলে (jalmahaldof@gmail.com) অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। অবৈধ উপায়ে মৎস্য নিধন রোধে কোনো কর্মকর্তার অবহেলা পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করা হবে।

সংযুক্তি : বর্ণনামতে।

২৯/০৪/২০২৫
( ড. মোঃ আবদুর রউফ )
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
০২-২২৩৩৮২৮৬১
dg@fisheries.gov.bd

মৎস্য অধিদপ্তর,ঢাকা বিভাগ,ঢাকা/চট্টগ্রাম বিভাগ,কুমিল্লা/ রাজশাহী বিভাগ,রাজশাহী/ খুলনা বিভাগ,খুলনা/সিলেট বিভাগ,সিলেট/বরিশাল বিভাগ,বরিশাল/রংপুর বিভাগ,রংপুর/ ময়মনসিংহ বিভাগ,ময়মনসিংহ ।

স্মারক নং- ৩৩.০২.০০০০.১২১.০৬.০০৪.১৮.১৩৫/১(৭) তারিখ ২৯ /০৪/ ২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, ই-সার্ভিস এন্ড ইনোভেশন,মৎস্য অধিদপ্তর,মৎস্য ভবন, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)------------------------------------------------------------------------------------------।
৪. সচিবের একান্ত সচিব,মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সহকারী পরিচালক (স্টাফ অফিসার),মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল) -----------------------------------------------------।
৭. অফিস কপি।

২৯/০৪/২০২৫
( বরুন চন্দ্র বিশ্বাস )
উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ)
ফোন: ০১৭১৫৫৭৬৮৯১
ইমেইল: borunbiswas19@gmail.com

অতীব জরুরি

"আমিত্বেই শক্তি, আমিত্বেই মুক্তি"

DD(FRC)

29 APR 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ শাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.৯৯.০০৪.২৩-৯২

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **ইলেকট্রিক শকসহ অন্যান্য অবৈধ উপায়ে মৎস্য নিধন বন্ধে পদক্ষেপ গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন গণমাধ্যমের মাধ্যমে প্রায়শ: জানা যায় দেশের বিভিন্ন মৎস্য খামারে ইলেকট্রিক শক সহ অন্যান্য অবৈধ উপায়ে (বিষ প্রয়োগ, পানি নিষ্কাশন, বিভিন্ন ফাঁদ ইত্যাদি) মৎস্য নিধন কার্যক্রম সংঘটিত হয়। যার ফলে মৎস্য খাত এবং খামারীদের মারাত্মক আর্থিক ক্ষতিসহ বাংলাদেশের মৎস্য খাতের প্রভূত ক্ষতি সাধিত হয়।

০২। সেপ্রেক্ষিতে, অবৈধভাবে মৎস্য নিধন প্রতিহত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা, অপরাধীর বিরুদ্ধে ফৌজদারী মামলাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক তা চলমান রাখা জরুরী। অবৈধ মৎস্য নিধন বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা উপজেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্বের মধ্যে পড়ে।

০৩। এমতাবস্থায়, ইলেকট্রিক শকসহ অন্যান্য অবৈধ উপায়ে মৎস্য নিধন বন্ধে আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অবৈধ মৎস্য নিধন রোধে সংশ্লিষ্ট কোন কর্মকর্তার অবহেলা পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ছাইদা আক্তার পরাগ)
উপসচিব
ফোন-৫৫১০০০৮১
ই-মেইল: fisheries-2@mofl.gov.bd

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, ঢাকা।

নং-৩৩.০০.০০০০.১২৭.২২.০০২.২৫-৯২(২)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০২। অফিস কপি/মাস্টার কপি।

(ছাইদা আক্তার পরাগ)
উপসচিব

E:\nnnnnn\sadia 2018\latter.docx-2.doc

প্রকাশ্য শাখা, মহাপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
তারিখঃ

| | | | | |
|---|---|---|---|---|
| প্রঃ শাঃ-১ | বাস্তবায়ন | পরিকল্পনা | মাননিয়ন্ত্রণ | বাজেট |
| প্রঃ শাঃ-২ | প্রশিক্ষণ | মনিটরিং | চিংড়ি | কিসাক |
| ACR শাখা | সমন্বয় | ক্ষুদ্র ঋণ | সামুদ্রিক | অডিট |
| সাধারণ শাখা | লাইব্রেরী | সিপ্যাস | মৎস্য জরীপ | ক্যাশ |
| জলমহাল | ICT সম্প্র | সম্প্রসারণ | মৎস্য চাষ | |

জিনপত্তি নং